গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৪ শাখা

www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৯.২৩.২৯.১৯-৬৭

তারিখঃ ০৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক **"সুখ দিবস"** -এ রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি আনন্দ র‍্যালী আয়োজনের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯ জানুয়ারি ২০২০ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন-১) ড.মো: আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক **"সুখ দিবস"** -এ রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি আনন্দ র‍্যালী আয়োজনের নিমিত্ত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত একটি সভা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী- ২ ফর্দ।

২২/১/২০২০

(মীর আলমগীর হোসেন)
উপসচিব
ফোন-৪৭১২৪৩১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। ডিআরএম (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা।
০৩। ডিইএন-৩, ঢাকা বিভাগ, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা। ।
০৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ রেলওয়ে শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটি, কমলাপুর, ঢাকা।

অনুলিপি:

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪ অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫ যুগ্মসচিব (প্রশাসন-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক **"সুখ দিবস"** যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। উক্ত দিবসটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি আনন্দ র‍্যালী আয়োজনের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: আবুল কালাম আজাদ<br>যুগ্মসচিব (প্রশাসন-১) |
| সভার তারিখ | : | ১৯.০১.২০২০ খ্রি: |
| সময় | : | বেলা- ১১.০০ ঘটিকা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলার সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক **"সুখ দিবস"** যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। উক্ত দিবসটি সফলভাবে আয়োজনের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি আনন্দ র‍্যালী আয়োজন করা হবে। উক্ত র‍্যালীটি সফলভাবে আয়োজনের জন্য করণীয় নির্ধারণের লক্ষ্যে সভাপতি এ সমস্ত কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সকলের মতামত আহবান করেন।

০২। সভাপতির বক্তব্যের প্রেক্ষিতে উপসচিব (প্রশাসন-০৪) জানান যে, র‍্যালীটি ২০ মার্চ ২০২০ সকাল ৯.৩০ ঘটিকায় রেলভবন হতে শুরু হবে সোহরা্ওরার্দী উদ্যানে স্বাধীনতা স্মৃতি স্তম্ভে গিয়ে শেষ হতে পারে বলে সভায় মত প্রকাশ করেন। আনন্দ র‍্যালিটি সুন্দর ও সফল করতে র‍্যালিতে উপস্থিতির সংখ্যা নিশ্চিত করতে হবে বলে মতামত ব্যক্ত করেন। তিনি আরও বলেন প্রশাসন-৪ শাখা থেকে উক্ত র‍্যালীতে অংশগ্রহণ করার জন্য রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও জিআইবিআর এর দপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হবে।

০৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) জানান যে, র‍্যালীটি ২০ মার্চ ২০২০ সকাল ৯.৩০ ঘটিকায় রেলভবন হতে শুরু হবে সোহরা্ওরার্দী উদ্যানে স্বাধীনতা স্মৃতি স্তম্ভে গিয়ে শেষ হবে। আনন্দ র‍্যালীটি সফল করার জন্য র‍্যালিটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য ব্যানার প্রস্তুত, টুপি, টি-শার্ট, মাইকের ব্যবস্থাসহ অন্যান্য আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করতে হবে।

০৪। সভায় বিভাগীয় প্রকৌশলী -৩ জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচীর অংশ হিসেবে, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে যৌথভাবে আনন্দ র‍্যালীটি সফল করা যেতে পারে বলে মতামত ব্যক্ত করেন।

০৫। সভাপতি বলেন যে, কমিটির উপর অর্পিত দায়িত্ব সকলে যথাযথভাবে পালনপূর্বক এ কমূসচি সফল করতে হবে। তিনি আরও বলেন, ডি আর এম (ঢাকা) সংশ্লিষ্ট সকলকে অবহিত করে আনন্দ র‌্যালী অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করবেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন/তত্ত্বাবধান |
|---|---|---|---|---|
| ১। | ২০ মার্চ ২০২০, শুক্রবার সকাল ০৯.৩০ টা | আনন্দ র‌্যালী | কমিটি ব্যানার প্রস্তুত, টুপি, টি-শার্ট, মাইকের ব্যবস্থাসহ আনুষঙ্গিক অন্যান্য কার্যাদি সম্পন্ন করবেন। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে-রেলভবনে কর্মরত কর্মকর্তা-কর্মচারী উক্ত র‌্যালীতে অংশগ্রহণ করবেন। ডিআরএম অফিসের অধীনস্থ কর্মকর্তা-কর্মচারি উপস্থিতি নিশ্চিত করার ডিআরএম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। র‌্যালি শেষে আপ্যায়ন এর ব্যবস্থা করা হবে। সার্বিক ব্যস্থাপনার জন্য বাজেট প্রস্তুত করে ডিআরএম সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কে জমা দিবেন। | ১। ডিআরএম (ঢাকা), বাংলাদেশ রেলওয়ে<br>২। ডিইএন-৩, ঢাকা বিভাগ, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ রেলওয়ে শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটি, ঢাকা। |

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

১৯/৩/২০

(ড. মো: আবুল কালাম আজাদ)
যুগ্মসচিব (প্রশাসন-১)
ও
আহবায়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী উদযাপনের আনন্দ র‌্যালী কমিটি